রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
**www.cabinet.gov.bd**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৫৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে তদারকি, প্রকল্প-সংশ্লিষ্ট ও কারিগরি বিষয়াদি পর্যালোচনা ও সিদ্ধান্ত প্রদানের জন্য কারিগরি কমিটি**' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | : | সদস্য |
| ৩. | এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| ৪. | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| ৫. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| ৭. | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |
| ৮. | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| ৯. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | : | সদস্য |
| ১০. | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| ১১. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১২. সচিব, নৌপরিবহন মন্ত্রণলায় | : | সদস্য |
| ১৩. সচিব, পানিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৪. সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ১৫. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | : | সদস্য |
| ১৬. সদস্য (আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন | : | সদস্য |
| ১৭. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর একজন নির্বাহী সদস্য | : | সদস্য |
| ১৮. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | : | সদস্য |
| ১৯. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | : | সদস্য |
| ২০. চেয়ারম্যান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| ২১. সদস্য (ভৌত বিজ্ঞান), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| ২২. সদস্য (প্রকৌশল), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| ২৩. সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| ২৪. প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প | : | সদস্য |
| ২৫. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি:

১. প্রয়োজনীয় জনবল চিহ্নিত করে প্রকল্পের প্রাক-বাস্তবায়ন ও বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পের প্রশাসনিক অবয়ব (organizational structure) প্রণয়ন এবং প্রাক-বাস্তবায়ন ও বাস্তবায়ন পর্যায়ের কার্যাবলি যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান;

২. প্রকল্পের বাস্তবায়নকাল, বাস্তবায়ন পদ্ধতি, প্রযুক্তি হস্তান্তর এবং প্রযুক্তি আত্মস্থকরণ পদ্ধতি নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান;

৩. প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিত করার লক্ষ্যে অর্থায়নের উৎসসমূহ চিহ্নিতকরণ, অর্থায়নের পদ্ধতি নির্ধারণ এবং পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের অর্থায়নের ক্ষেত্রে সম্ভাব্য আর্থিক ও বাণিজ্যিক সীমাবদ্ধতা/ঝুঁকিসমূহ (risks) চিহ্নিতকরণ এবং তা দূরীকরণে সরকারের সম্ভাব্য ভূমিকা নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান;

৪. সম্ভাব্য প্রযুক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান/দেশ-এর সাথে যোগাযোগ স্থাপনের মাধ্যমে প্রকল্পের জন্য উপযুক্ত প্রযুক্তি নির্বাচন, প্রযুক্তি হস্তান্তর ও অর্থায়ন সংবলিত পূর্ণাঙ্গ প্রস্তাব প্রণয়নের উদ্যোগ গ্রহণ এবং প্রস্তাবনাটি প্রকল্পের মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করার প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ;

৫. প্রকল্পের প্রাক-বাস্তবায়ন ও বাস্তবায়নকালীন বিভিন্ন পর্যায় ও ধাপে আন্তর্জাতিকভাবে প্রযোজ্য যে সকল codes, guides ও standards অনুসরণ করা প্রয়োজন সেগুলো চিহ্নিতকরণ এবং সেগুলো নিশ্চিতভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান;

৬. পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সাইট নির্বাচন, নির্মিতব্য কেন্দ্রের নকশা ও কারিগরি বিষয়াদি পুনঃনিরীক্ষণ (review), নির্মাণ, পরিচালনা, বর্জ্য ব্যবস্থাপনাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনা সংশ্লিষ্ট বিভিন্ন কার্যাবলি তদারকি ও পারমাণবিক নিরাপত্তা ও তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণ দৃষ্টিকোণ থেকে নিয়ন্ত্রণের জন্য একটি উপযোগী আইন প্রণয়নসহ একটি স্বতন্ত্র নিউক্লিয়ার রেগুলেটরি বডি (Independent Nuclear Regulatory Body) প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান;

৭. প্রকল্প বাস্তবায়নে সকল আন্তর্জাতিক মানদণ্ড (International Legal Instruments) পূরণের আবশ্যকতা চিহ্নিতকরণে উদ্যোগ গ্রহণ ও পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ;

৮. সুষ্ঠুভাবে ও নিরাপদে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়নের পন্থা/পদ্ধতি নির্ধারণ ও কার্যক্রম গ্রহণে উদ্যোগ গ্রহণ;

৯. পারমাণবিক পদার্থ বিজ্ঞান (Nuclear Physics)-এর বিভিন্ন ক্ষেত্রে এবং পারমাণবিক প্রযুক্তি বিষয়ক গবেষণা পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; এবং

১০. প্রকল্প বাস্তবায়নে যে সকল দেশজ সম্পদ, প্রযুক্তি ও অবকাঠামো ব্যবহার করা সম্ভব তা যথাযথভাবে চিহ্নিতকরণ এবং আন্তর্জাতিকভাবে প্রচলিত গুণগতমান বজায় রেখে দেশজ সকল সম্পদ, প্রযুক্তি ও অবকাঠামোর সর্বাধিক ব্যবহার নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ।

(গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.